



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলী এর দপ্তর, দক্ষিণ-পূর্বাঞ্চল, চট্টগ্রাম

এবং

মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড-এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৪ - জুন ৩০, ২০২৫

সূচিপত্র

আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র	৩
প্রস্তাবনা	৪
সেকশন ১: আঞ্চলিক / জোনাল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি	৫
সেকশন ২: আঞ্চলিক / জোনাল অফিসের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)	৬
সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা	৭
সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)	১১
সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক	১২
সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ	১৩
সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ	১৫

আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র (Overview of the Performance of the Regional/Zonal Office)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

মৌসুমী ঘূর্ণিঝড়, জলোচ্ছাস, বন্যা ইত্যাদি প্রাকৃতিক দুর্যোগ হতে বাংলাদেশের দক্ষিণ-পূর্বাঞ্চল তথা চট্টগ্রাম, কক্সবাজার, বান্দরবান, রাংগামাটি, খাগড়াছড়ি এই ৫ টি জেলাকে রক্ষার্থে এবং এইসকল অঞ্চলের জনমাল রক্ষা ও খাদ্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের দক্ষিণ-পূর্বাঞ্চল জোন কাজ করেছে। গত ৩ (তিন) বছরে বাপাউবো দক্ষিণ-পূর্বাঞ্চল জোন ৯ টি উন্নয়ন প্রকল্পের আওতায় প্রায় ৮৯ কিঃমিঃ নদী তীর সংরক্ষণ, ৬.০০ কিঃমিঃ ফ্লাড ওয়াল, ৩৫.০০ কিঃমিঃ বাঁধ নির্মাণ, ৯৫ কিঃমিঃ উপকূলীয় বাঁধ নির্মাণসহ প্রায় ৪০ টি পানি নিয়ন্ত্রণ কাঠামো ও ২৩ কিঃমিঃ নদী ড্রেজিং সম্পন্ন হয়েছে। এছাড়া সম্পাদিত বাঁধের ৮৫ কিঃমিঃ এরও অধিক দৈর্ঘ্যজুড়ে বৃক্ষরোপন করা হয়েছে। এ সকল কার্যক্রমের ফলে জমিতে সেচ সুবিধা সম্প্রসারণ, বন্যামুক্তকরণসহ দক্ষিণ-পূর্বাঞ্চল এলাকায় আবাদী জমি লবণাক্ততা হতে রক্ষা করা সম্ভবপর হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

বাপাউবোর দক্ষিণ-পূর্বাঞ্চল জোনের আওতায় ৫টি জেলার মধ্যে ৩টি পাহাড়ি জেলা অবস্থিত যা হতে মাতামুহরী, সাংগু ইত্যাদি নদীর সৃষ্টি হয়েছে। এসকল নদীতে ফ্লাশ ফ্লাড এর দরুণ স্থানে স্থানে তীর ভাংগন হয় যার পূর্বাভাস পাওয়া অনেকটাই দুস্কর। উপরন্তু পাহাড়ি অঞ্চলে দুর্গম পরিবেশে কাজের গতি বজায় রাখা অনেকাংশে চ্যালেঞ্জিং। অন্যদিকে কক্সবাজার জেলা ও চট্টগ্রাম জেলার আনোয়ারা, বাশখালী ইত্যাদি উপকূলীয় এলাকায় প্রায়শই প্রাকৃতিক দুর্যোগ হানা দেয়। এসকল স্থানে কাজের মৌসুম খুবই সংক্ষিপ্ত হওয়ায় সঠিকভাবে কর্মপরিকল্পনা প্রণয়ন করে তা বাস্তবায়ন করতে হয়।

ভবিষ্যৎ পরিকল্পনা:

বাংলাদেশ ডেল্টা প্ল্যান ২১০০, SDGs, প্রেক্ষিত পরিকল্পনা ২০৪১, ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা, সরকারের নির্বাচনী ইশতেহার-২০১৮ প্রভৃতি বিবেচনায় নিয়ে বিভিন্ন অঞ্চলের জন্য আলাদা পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। চট্টগ্রাম মহানগরীকে জরাজীর্ণতা মুক্ত রাখা, চট্টগ্রাম জেলার পটিয়া উপজেলায় বন্যা নিরসন এবং শস্য নিবিড়তা বৃদ্ধি করা, পটিয়া শ্রীমাই খালে হাইড্রোলিক এলিভেটর ডেম নির্মাণ, মাতারবাড়িতে অর্থনৈতিক অঞ্চলের সুরক্ষাদানে সুপারডাইক নির্মাণ, কক্সবাজার সমুদ্র সৈকত এর সৌন্দর্যবর্ধনসহ উপকূলীয় অঞ্চলের পোল্ডারসমূহ শক্তিশালীকরণ করা ভবিষ্যৎ পরিকল্পনাসমূহের অন্যতম। এছাড়া সাঙ্গু, মাতামুহরী, হালদা ও কর্ণফুলী নদীর বেসিনভিত্তিক সমীক্ষা প্রতিবেদনের আলোকে নতুন প্রকল্প প্রণয়নের কাজ চলমান আছে।

২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- ৯.০০ কিঃমিঃ বাঁধ নির্মাণ,
- ৭.৪০০ কিঃমিঃ নদী তীর সংরক্ষণ,
- ১.০০ কিঃমিঃ ফ্লাড ওয়াল নির্মাণ,
- ৪.০০ কিঃমিঃ ড্রেজারের মাধ্যমে নদী পুনঃখনন,
- ২৩.৫০০ কিঃমিঃ নিষ্কাশন খাল পুনঃখনন,
- ৪ টি সেচ কাঠামো নির্মাণ,
- ৮ টি পানি নিয়ন্ত্রণ কাঠামো নির্মাণ,
- ৪ টি পানি নিয়ন্ত্রণ কাঠামো পুনঃনির্মাণ/ মেরামত/পুনর্বাসন।

প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলী এর দপ্তর, দক্ষিণ-পূর্বাঞ্চল, চট্টগ্রাম

এবং

মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড-এর মধ্যে ২০২৪ সালেরজুন..... মাসের২৫.....
তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১

আঞ্চলিক / জোনাল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision)

জনগণের জীবনমান উন্নয়নে পানি সম্পদের টেকসই নিরাপত্তা।

১.২ অভিলক্ষ্য (Mission)

ক্রমাগত জলবায়ু পরিবর্তনের সঙ্গে সামঞ্জস্য রেখে পানি সম্পদের সুশ্রম ও সমন্বিত পানি ব্যবস্থাপনার মাধ্যমে জনগণের পানির চাহিদা পূরণ এবং টেকসই উন্নয়ন নিশ্চিতকরণ।

১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

১.৩.১ আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সেচ ব্যবস্থার সুশ্রম, সমন্বিত ও টেকসই উন্নয়ন;
২. নদী নাব্যতা বৃদ্ধি, বন্যা নিয়ন্ত্রণ ও নদী ভাঙ্গন প্রতিরোধ ব্যবস্থা জোরদারকরণ,

১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

১.৪ কার্যাবলি (Functions)

১. সেচ, বন্যা নিয়ন্ত্রণ, জলাবদ্ধতা দূরীকরণ, নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন, নদী ভাঙ্গনরোধ এবং লবণাক্ততা ও মরুকরণ প্রতিরোধের ক্ষেত্রে সাধারণ নীতি প্রণয়ন ও কারিগরি সহায়তা সংক্রান্ত কার্যক্রম,
২. বন্যা নিয়ন্ত্রণ স্থাপনা, বন্যার কারণ এবং বন্যার কারণে সৃষ্ট ক্ষয়ক্ষতি নিরূপন সম্পর্কিত কার্যক্রম,
৩. খাল খনন ও রক্ষণাবেক্ষণ এবং খাল খনন কর্মসূচীর আওতায় খালের উপর পানি নিয়ন্ত্রণ অবকাঠামো নির্মাণ এবং রক্ষণাবেক্ষণ,
৪. ভূমি সংরক্ষণ ও পুনরুদ্ধার, পানি নিষ্কাশন এবং জলাবদ্ধতা দূরীকরণ বিষয়ক কার্যাবলি,
৫. পানি সংরক্ষণ জলাধার নির্মাণ, বাঁধ ও ব্যারেজ নির্মাণ বিষয়ক কার্যাবলি,
৬. নদীসমূহের পানি ধারণ ক্ষমতা বৃদ্ধি, ভাঙ্গনরোধের লক্ষ্যে নদী ড্রেজিং।

সেকশন ২
বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

ফলাফল/প্রভাব	কর্মসম্পাদন সূচকসমূহ	একক	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা ২০২৪-২৫	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাঙ্গসূত্র
						২০২৫-২০২৬	২০২৬-২০২৭		
বন্যার ঝুঁকি হ্রাস	বন্যার ঝুঁকি হ্রাস	তারিখ	২৫-০৪-২০২৪	২৫-০৪-২০২৪	২৫-০৪-২০২৪		২৫-০৪-২০২৪	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় স্থানীয় সরকার বিভাগ	পানি সম্পদ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন,
সেচ এলাকা এবং শস্য নির্ভরতা বৃদ্ধি	১০ লক্ষ হেক্টর সেচ এলাকা এবং শস্য নির্ভরতার কভারেজ (প্রায়)	শতাংশ	৬৪.৫০ %	৬৫.০০ %	৬৬.৫০%	৬৭.০০ %	৬৭.৫০ %	কৃষি মন্ত্রণালয় ও স্থানীয় সরকার বিভাগ	পানি সম্পদ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন

*সাময়িক (provisional) তথ্য

সেকশন ৩
কর্মসম্পাদন পরিকল্পনা

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫					প্রক্ষেপণ ২০২৫-২০২৬	প্রক্ষেপণ ২০২৬-২০২৭
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র															
[১] সেচ ব্যবস্থার সুযম, সমন্বিত ও টেকসই উন্নয়ন;	৪০	[১.১] ভূ-পরিস্থ সেচ সুবিধার সম্প্রসারণ	[১.১.১] সেচ কাঠামো নির্মাণ	সমষ্টি	সংখ্যা	৭	০	০	৪	৩	২	১	০	৫	৫
		[১.২] নদ-নদী ও খালের মাধ্যমে বন্যার পানি নিষ্কাশন করে কৃষি সহায়ক পরিবেশ সৃষ্টি	[১.২.১] নিষ্কাশন খাল খনন/পুনঃখনন	সমষ্টি	কি:মি:	১৮	১২	১৫	২৩.৫০	২২	২১	২০	১৯	২০	২২
			[১.২.২] পানি নিয়ন্ত্রণ কাঠামো নির্মাণ	সমষ্টি	সংখ্যা	১০	৩	৫	৮	৭	৬	৫	৪	৯	৮
			[১.২.৩] পানি নিয়ন্ত্রণ কাঠামো পুনঃনির্মাণ/ মেরামত/পুনর্বাসন	সমষ্টি	সংখ্যা	৫	২	৫	৪	৩	২	১	০	৫	৫
[২] নদী নাব্যতা বৃদ্ধি, বন্যা নিয়ন্ত্রণ ও নদী ভাঙ্গন প্রতিরোধ ব্যবস্থা জোরদারকরণ,	৩০	[২.১] বাঁধের মাধ্যমে বন্যা ব্যবস্থাপনা	[২.১.১] বাঁধ নির্মাণ	সমষ্টি	কি:মি:	১০	৮.০০	১০.০০	৯.০০	৮	৬.৫	৬.০০	৫.৫	১০	১০
		[২.২] নদী তীরে ভাঙ্গন প্রতিরোধ	[২.২.১] নদী তীর সংরক্ষণ	সমষ্টি	কি:মি:	১০	৪.২১	৪.১০	৭.৪০	৭	৬.৫	৬	৫.৫	৮	৯
			[২.২.২] ফ্লাড ওয়াল নির্মাণ	সমষ্টি	কি:মি:	৫	১.৮৫	২.০	১	০.৯	০.৮	০.৭	০.৬	১.৫	২
		[২.৩] ডেজারের মাধ্যমে নদী পুনঃখনন	[২.৩.১] ডেজারের মাধ্যমে নদী পুনঃখনন	সমষ্টি	কি:মি:	৫	৫.০	৬.৫	৪	৩.৮	৩.৬	৩.৪	৩.২	৫	৬

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫					প্রক্ষেপণ ২০২৫-২০২৬	প্রক্ষেপণ ২০২৬-২০২৭
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র															
[১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ	৩০	[১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	১০									
		[১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.২.১] ই- গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	১০									
		[১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৪									
		[১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৩									
		[১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৩									

*সাময়িক (provisional) তথ্য

আমি, প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলী এর দপ্তর, দক্ষিণ-পূর্বাঞ্চল, চট্টগ্রাম, মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড হিসাবে প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলী এর দপ্তর, দক্ষিণ-পূর্বাঞ্চল, চট্টগ্রাম-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:



প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী এর দপ্তর, দক্ষিণ-পূর্বাঞ্চল, চট্টগ্রাম

২৫/৬/২০২৪

তারিখ



মহাপরিচালক
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

২৫-০৬-২৪

তারিখ

সংযোজনী-১

ক্রমিক নম্বর	শব্দসংক্ষেপ (Acronyms)	বিবরণ
১	ADP	Annual Development Program
২	BDP2100	Bangladesh Delta Plan 2100
৩	ওয়ারপো	ওয়ারটার রিসোর্সেস প্লানিং অর্গানাইজেশন
৪	জেআরসি	জয়েন্ট রিভার কমিশন
৫	নগই	নদী গবেষণা ইনস্টিটিউট
৬	বাপাউবো	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৭	বাহাজউঅ	বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা	লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক
[১.১] ভূ-পরিষ্ক সেচ সুবিধার সম্প্রসারণ	[১.১.১] সেচ কাঠামো নির্মাণ	চট্টগ্রাম পওর বিভাগ-১; বাপাউবো, চট্টগ্রাম।	সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র, Project Steering Committee (PSC) ও Project Implementation Committee (PIC) এর সভার কার্যবিবরণী
[১.২] নদ-নদী ও খালের মাধ্যমে বন্যার পানি নিষ্কাশন করে কৃষি সহায়ক পরিবেশ সৃষ্টি	[১.২.১] নিষ্কাশন খাল খনন/পুনঃখনন	চট্টগ্রাম পওর বিভাগ-১ : কক্সবাজার পওর বিভাগ	সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র, Project Steering Committee (PSC) ও Project Implementation Committee (PIC) এর সভার কার্যবিবরণী
	[১.২.২] পানি নিয়ন্ত্রণ কাঠামো নির্মাণ	চট্টগ্রাম পওর বিভাগ-১; বাপাউবো, চট্টগ্রাম।	সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র, Project Steering Committee (PSC) ও Project Implementation Committee (PIC) এর সভার কার্যবিবরণী
	[১.২.৩] পানি নিয়ন্ত্রণ কাঠামো পুনঃনির্মাণ/ মেরামত/পুনর্বাসন	চট্টগ্রাম পওর বিভাগ-১; বাপাউবো, চট্টগ্রাম।	সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র, Project Steering Committee (PSC) ও Project Implementation Committee (PIC) এর সভার কার্যবিবরণী
[২.১] বাঁধের মাধ্যমে বন্যা ব্যবস্থাপনা	[২.১.১] বাঁধ নির্মাণ	চট্টগ্রাম পওর বিভাগ-১ এবং চট্টগ্রাম পওর বিভাগ-২	সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র, Project Steering Committee (PSC) ও Project Implementation Committee (PIC) এর সভার কার্যবিবরণী
[২.২] নদী তীরে ভাঙ্গন প্রতিরোধ	[২.২.১] নদী তীর সংরক্ষণ	চট্টগ্রাম পওর বিভাগ-১ ; চট্টগ্রাম পওর বিভাগ-২ এবং রাজামাটি পওর বিভাগ	সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র, Project Steering Committee (PSC) ও Project Implementation Committee (PIC) এর সভার কার্যবিবরণী
	[২.২.২] ফ্লাড ওয়াল নির্মাণ	চট্টগ্রাম পওর বিভাগ-১; বাপাউবো, চট্টগ্রাম।	সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র, Project Steering Committee (PSC) ও Project Implementation Committee (PIC) এর সভার কার্যবিবরণী
[২.৩] ডেজারের মাধ্যমে নদী পুনঃখনন	[২.৩.১] ডেজারের মাধ্যমে নদী পুনঃখনন	চট্টগ্রাম পওর বিভাগ-২; বাপাউবো, চট্টগ্রাম।	সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র, Project Steering Committee (PSC) ও Project Implementation Committee (PIC) এর সভার কার্যবিবরণী

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

[illegible]

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট	সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল
নদী তীরে ভাঞ্জন প্রতিরোধ	ফ্লাড ওয়াল নির্মাণ	সংশ্লিষ্ট জেলা প্রশাসন	জমি অধিগ্রহণ ব্যতীত বাঁধ ও অবকাঠামো নির্মাণ সম্ভব হবে না। জমি অধিগ্রহণের প্রশাসনিক প্রক্রিয়া দ্রুত সম্পন্নকরণ ও জমি অধিগ্রহণের ক্ষতিপূরণের অর্থের চেক যথাসম্ভব দ্রুত ক্ষতিগ্রস্তদের নিকট হস্তান্তর করে দ্রুত জমির হুকুম দখল প্রাপ্তির লক্ষ্যে পাসম ও বাপাউবো পর্যায়ে সংশ্লিষ্ট জেলা প্রশাসনে পত্র যোগাযোগ এবং জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির সভা প্রভৃতি উপায়ে কার্যক্রমের সমন্বয় করা হবে।
বাঁধের মাধ্যমে বন্যা ব্যবস্থাপনা	বাঁধ নির্মাণ	সংশ্লিষ্ট জেলা প্রশাসন	জমি অধিগ্রহণ ব্যতীত বাঁধ ও অবকাঠামো নির্মাণ সম্ভব হবে না। জমি অধিগ্রহণের প্রশাসনিক প্রক্রিয়া দ্রুত সম্পন্নকরণ ও জমি অধিগ্রহণের ক্ষতিপূরণের অর্থের চেক যথাসম্ভব দ্রুত ক্ষতিগ্রস্তদের নিকট হস্তান্তর করে দ্রুত জমির হুকুম দখল প্রাপ্তির লক্ষ্যে পাসম ও বাপাউবো পর্যায়ে সংশ্লিষ্ট জেলা প্রশাসনে পত্র যোগাযোগ এবং জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির সভা প্রভৃতি উপায়ে কার্যক্রমের সমন্বয় করা হবে।
ডেজারের মাধ্যমে নদী পুনঃখনন	ডেজারের মাধ্যমে নদী পুনঃখনন	সংশ্লিষ্ট জেলা প্রশাসন/ সংশ্লিষ্ট পুলিশ প্রশাসন	নদী/খাল খননের এলাইনমেন্টে অবৈধ দখল/স্থাপনা থাকলে তা উচ্ছেদ না করা পর্যন্ত কাজ পরিচালনা করা যায়না। নদী/খাল খননের নির্ধারিত এলাইনমেন্টে অবৈধ দখল/স্থাপনা মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে যথাদ্রুত ও নিয়মিত উচ্ছেদের জন্য জেলা প্রশাসন হতে নির্বাহী ম্যাজিস্ট্রেট ও পুলিশ ফোর্স প্রয়োজন হবে। এ বিষয়ে বাপাউবো হতে জেলা প্রশাসন ও জেলা পুলিশের সাথে পত্র যোগাযোগ, জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভা এবং জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির সভা প্রভৃতি উপায়ে কার্যক্রমের সমন্বয় করা হবে।

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ